দৈনিক সংবাদ

তারিখ 29 OCT 1991
পৃষ্ঠা 2 কলাম 7

24

# প্রধানমন্ত্রীর কাছে ছাত্রদলের দাবী।। খুনীদের ফাঁসি চাই

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

প্রধানমন্ত্রী খালেদা জিয়া গতকাল সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিহত ছাত্রদল কর্মীদের লাশ দেখতে যান ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে। এই সময় ছাত্রদলের সমর্থক বিপুলসংখ্যক ছাত্র গাড়ি ঘিরে ধরে এবং অপ্রীতিকর শ্লোগান দেয়।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, গতকাল দুপুর ১টা ৫০ মিনিটের সময় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কয়েকজন মন্ত্রী ও এমপিসহ নিহত ছাত্রদল কর্মীদের লাশ দেখতে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে যান। তার আগমনের পূর্বেই ঐ এলাকায় ঢাকা বিশ্ববিদ্যালয় ও মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে হাজার হাজার ছাত্রদল কর্মী উপস্থিত হয়।

প্রধানমন্ত্রী ঃ পৃঃ ১২ কঃ ৫

## প্রধানমন্ত্রী ঃ নিহতদের দেখতে গিয়েছিলেন

( ১ম পাতার পর )

তারা অবিলম্বে নিহত ছাত্রদল কর্মীদের খুনীদের গ্রেফতার ও ফাঁসি দাবী করে।

ছাত্ররা স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরীর পদত্যাগ দাবী করে। তারা আওয়ামী লীগ নেত্রী শেখ হাসিনার বিরুদ্ধেও শ্লোগান দেয়।

এক পর্যায়ে ছাত্ররা প্রধানমন্ত্রীর গাড়ির সামনে ও হুডের ওপরে উঠে বসে। প্রধানমন্ত্রীর সাথে আগত মন্ত্রী ও এমপিদের সাথে ছাত্রদল কর্মীদের ধস্তাধস্তি হয়।

এ সময় ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি'র বিরুদ্ধেও ছাত্ররা বিক্ষোভ প্রদর্শন করে।

প্রায় আধ ঘন্টা পর ছাত্রদল নেতৃবৃন্দের হস্তক্ষেপের ফলে অবস্থা শান্ত হয় এবং প্রধানমন্ত্রীর গাড়িসহ মন্ত্রী ও এমপিরা ঘটনাস্থল ত্যাগ করেন।

বাসস জানায় ঃ মির্জা গালিবের স্ত্রী ছাত্রদলের কয়েকজন মহিলা সদস্যকে নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেন।

প্রধানমন্ত্রী তাকে জড়িয়ে ধরে সান্ত্বনা দেন। তিনি নিহতদের আত্মীয়-স্বজনকে এ অপূরণীয় ক্ষতি সহ্য করার সাহস ও ধৈর্য দানের জন্য সর্বশক্তিমান আল্লাহর কাছে মোনাজাত করেন।

বেগম জিয়া গালিব ও লিটনের লাশ হেলিকপ্টারে করে তাদের নিজ নিজ গ্রামের বাড়িতে নিয়ে যাওয়ারও ব্যবস্থা করেন।

লাশ পাঠানোর সময় সমাজ কল্যাণমন্ত্রী জরিকুল ইসলাম, ঢাকা সিটি মেয়র ও যুবদল সভাপতি মির্জা আব্বাস ও কামরুল ইসলাম চৌধুরী এমপি এবং জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় নেতারা হেলিপ্যাডে উপস্থিত ছিলেন। বরকত উল্লাহ ভুলু এমপি লাশের সঙ্গে যান।